



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দনা, গাজীপুর

টেলিফোনঃ ০২-৯২৬২৭৮৮, ইমেইলঃ gazipbs@yahoo.com

নম্বর ২৭.১২.৩৩০০.৫৬৯.০৭.০৪৭.২৩.১১১

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৯

০৮ মার্চ ২০২৩

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **দরপত্র বিজ্ঞপ্তি আহবান করণ প্রসঙ্গে।**

১। বাপবিবো ও গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্থায়ী/সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদারের নিকট হতে পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী, নিম্নে বর্ণিত বিড প্যাকেজ ও দরপত্র এর আলোকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় ডিপোজিট ওয়ার্কের আওতায় ৩৩ কেভি/১১ কেভি আন্ডারগ্রাউন্ড/ওভারহেড লাইন নির্মাণ/ লাইন স্থানান্তর কাজ (১০০-৪২) এর বিপরীতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। দরপত্রের বিবরণঃ

নতুন লাইন নির্মাণ / লাইন স্থানান্তর (আন্ডারগ্রাউন্ড/ওভারহেড) কাজ (১০০-৪২)

ক্রঃনং	বিড প্যাকেজ নং	দরপত্র নং	পবিসের নাম	আর্নেস্ট মানির পরিমাণ (টাকা)	কার্য সময়	প্রাক্কলিত ব্যয়	বিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য)
০১	২৩/০১৮	২৩/০৩৮	গাজীপুর পবিস-১	৩০,০০০.০০	৬০ দিন	১০,০,০০০০.০০	১০০০.০০
০২	২৩/০১৯	২৩/০৩৯	গাজীপুর পবিস-১	৩০,০০০.০০	৬০ দিন	১০,০,০০০০.০০	১০০০.০০
০৩	২৩/০২০	২৩/০৪০	গাজীপুর পবিস-১	৩০,০০০.০০	৬০ দিন	১০,০,০০০০.০০	১০০০.০০

০৩। দরপত্র দলিল অত্র সমিতির সদর দপ্তর ক্যাশ শাখা হতে আগামী ২২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে (অফেরৎ যোগ্য) নগদ ১০০০.০০ টাকা জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

০৪। দরপত্র সমূহ আগামী ২৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় অত্র সমিতির রক্ষিত টেন্ডার বাস্তবে গ্রহন করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

০৫। প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আর্নেস্ট মানি সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্ট মানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

০৬। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কালো তালিকাভুক্ত ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

০৭। উদ্বৃত্ত-দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্বৃত্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৮। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ড এর প্রশিক্ষন প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

০৯। অত্র পবিসে ১০০-৪১/৪২ এর আওতায় কোন কার্যাদেশে চলমান থাকলে টেন্ডারে অংশ গ্রহন করা যাবে না।

১০। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র সমিতির সদর দপ্তরে আগামী ২৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখে উপস্থিত দরদাতা প্রতিষ্ঠানের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য়, ৩য় নির্ধারন করা হবে।

১১। লটারীতে যিনি উত্তীর্ণ হবেন তাকে কার্যাদেশ প্রদান করা হবে।

১২। সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৩। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোন দরপত্র প্রেরন করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।

১৪। ২০২২-২৩ইং অর্থ বছরে স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হবে না।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৬। প্রত্যেকটি কার্যাদেশের জন্য পৃথক লোকবল, লোকবলের ছবিসহ ও টুলসের তালিকা জমা দিতে হবে।

১৭। এ জি এম(ইএন্ডসি) এর নির্দেশনা অনুযায়ী কাজ করতে হবে।

১৮। সমিতির প্রয়োজনে কাজের পরিমাণ কম বেশী হতে পারে।

১২-৩-২০২৩

প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ডিজিএম, সদরদপ্তর/কালীগঞ্জ/কোনাবাড়ী/বোর্ডবাজার/ছায়াবিথী/পুৰাইল/কাশিমপুর জোনাল অফিস, গাজীপুর পবিস-১।
- ২) উপ-বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, গাজীপুর। বর্নিত তারিখ এবং সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হল।
- ৩) সহকারী প্রকৌশলী (ফ্লুইডসেচ), বিএডিসি, গাজীপুর।
- ৪) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৫) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৬) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৭) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৮) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ৯) এজিএম (আইটি), আইটি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ (নোটিশ বোর্ড ও সমিতির ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ১০) অফিস কপি
- ১১) মাষ্টার কপি